**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 29-06-2025**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

## Maan-Ki-Baat :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ সকাল ১১টায় আকাশবাণীর মন-কি বাত অনুষ্ঠানে ১২৩ তম পর্বে দেশ বিদেশের জনগনের সাথে মত বিনিময় করবেন। এই অনুষ্ঠানটি আকাশবাণী ও দূরদর্শনের সমস্ত নেটওয়ার্ক, আকাশবাণী সংবাদ ওয়েবসাইট www.newsonair.com ও newsonair mobile app-এ শোনা যাবে। অনুষ্ঠানটি আকাশবাণী, ডিডি নিউজ, প্রধানমন্ত্রীর দপ্তর তথা তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ইউ টিউব চ্যানেলেও শুনতে পাওয়া যাবে। অনুষ্ঠানের অব্যবহিত পরেই এর আঞ্চলিক ভাষার অনুবাদ শোনা যাবে। এই আঞ্চলিক ভাষার অনুষ্ঠানটি রাত ৮টায় পুন: প্রচার করা হবে।

***********************

## CM-Cyber Crime :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা সাইবার অপরাধের শিকার হলে সঙ্গে সঙ্গে পুলিশি সহায়তা নেবার জন্য জনগনের প্রতি আহ্বান জানিয়েছেন।গতকাল অরুন্ধতীনগরের ড্রপগেইটে সাইবার ক্রাইম পুলিশ থানার উদ্বোধন করে তিনি একথা বলেন। তিনি বলেন, রাজ্যের বহু মানুষ সাইবার অপরাধের শিকার হয়ে

সর্বস্বান্ত হয়েছেন। তাই আরক্ষা দপ্তরকে এ সমস্ত অপরাধীদের বিরুদ্ধে সচেতন ও শক্তভাবে মোকাবিলা করতে হবে। এক্ষেত্রে তিনি টোল ফ্রি নম্বর ১১২ কিংবা ১৯৩০-এ সাইবার অপরাধের অভিযোগ জানানোর উপর গুরুত্ব আরোপ করেন।

*********************

**PM interacts with Shubhangshu Shukla :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গতকাল ভারতীয় মহাকাশচারী ও আন্তর্জাতিক মহাকাশ ষ্টেশনে অবস্থান রত গ্রুপ ক্যাপ্টেন শুভাংশু শুক্লার সঙ্গে কথা বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেন, শুভাংশু শুক্লা ভারত থেকে সবচেয়ে দূরে কিন্তু ভারতীয়দের হৃদয়ের সবচেয়ে কাছে রয়েছেন এবং তাঁর যাত্রা একটি নতুন যুগের শুভ সুচনার সংকেত দিচ্ছে | প্রধানমন্ত্রী বলেন, পরিক্রমা ভারতের একটি শতাব্দী প্রাচীন ঐতিহ্য এবং শুভাংশু শুক্লা Mother Earth পরিক্রমা করার বিরল সুযোগ পেয়েছেন ।শ্রী মোদী আন্তরিক শুভেচ্ছা জানিয়ে গ্রুপ ক্যাপ্টেন শুক্লাকে তাঁর মিশনের জন্য শুভকামনা জানিয়েছেন।

গ্রুপ ক্যাপ্টেন শুভাংশু শুক্লা বলেছেন যে তিনি ভারতের প্রতিনিধিত্ব করতে পেরে গর্বিত। তিনি আরো বলেছেন, প্রধানমন্ত্রী মোদির নেতৃত্বে আজকের ভারতে নাগরিকরা তাদের স্বপ্ন পূরণে অসংখ্য সুযোগ পাচ্ছেন ।

BYTE ***********

*******************

**Restoration Train :**

লামডিং-বদরপুর পাহাড় লাইনের জাটিঙ্গা-লামপুর ষ্টেশনে বিপুল পরিমান মাটির ধস সরিয়ে আজ থেকে পুনরায় ট্রেন চলাচলের উদ্যোগ নিল এন এফ রেলওয়ে। এন এফ রেলওয়ের মুখ্য জন সংযোগ আধিকারীক কপিঞ্জল কিশোর শর্মা জানিয়েছেন, আজ বেলা ১২'টা থেকে সন্ধা ৬ টা পর্যন্ত এই পথে কিছু ট্রেন চালানো হবে। এর মধ্যে থাকছে, সাব্রুম-শিয়ালদহ কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেস ও শিলচর-শিয়ালদহ কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেস। তাছাড়া, আটকে পড়া যাত্রীদের জন্য এন এফ রেলওয়ে রঙ্গিয়া থেকে আগরতলা পর্যন্ত একটি বিশেষ ট্রেনের ব্যবস্থা করেছে। গুরুত্বপূর্ণ এই রুটে পেট্রোপন্য সরবরাহের জন্যও উদ্যোগ নিয়েছে রেলওয়ে। তবে আগামীকাল থেকে এই পথে নিয়মিতভাবে ট্রেন চলাচল শুরু করা যাবে বলে এন এফ রেলওয়ে আশা করছে।

**********************

**Agroforestry :**

কেন্দ্রীয় সরকার কৃষিবনায়নকে উৎসাহিত করতে কৃষি জমিতে গাছ কাটার বিষয়ে আদর্শগত নীতিমালা জারি করেছে। এটি কৃষকদের আয় দ্বিগুণ করা, বন এলাকার বাইরে গাছের আচ্ছাদন বৃদ্ধি করা, জলবায়ু পরিবর্তন হ্রাস করা, কাঠের আমদানি কমানো এবং টেকসই ভূমি ব্যবহারের নিশ্চয়তা দেওয়াকে লক্ষ্য হিসেবে রেখে এই নীতিমালা তৈরি করা হয়েছে।

***********************

**DHARTI AABA - RATAN LAL :**

বিদ্যুৎ ও কৃষি মন্ত্রী রতন লাল নাথ বলেছেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা সকল সম্প্রদায়ের, বিশেষ করে জনজাতি জনগণের সার্বিক উন্নয়নের জন্য একনিষ্ঠভাবে কাজ করছেন,।

কৃষিমন্ত্রী গতকাল মোহনপুর আর.ডি. ব্লকের রাঙাছড়া গ্রাম পঞ্চায়েতে 'জন জাতীয় গৌরব বর্ষ–ধরতি আবা জন ভাগিদারি অভিযান' কর্মসূচিতে অংশগ্রহণ করে একথা বলেন।

**********************

## Second Division :

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত ঘরোয়া দ্বিতীয় ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার গতরাতের খেলায় ত্রিপুরা স্পোর্টস স্কুল জয়লাভ করেছে। আগরতলার উমাকান্ত মিনি স্টেডিয়ামে নৈশালোকে অনুষ্ঠিত খেলায় ত্রিপুরা স্পোর্টস স্কুল ২-১ গোলে বীরেন্দ্র ক্লাবকে পরাজিত করেছে।

********************

## Weather :

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে, আকাশ সাধারণত মেঘলা থাকবে। বজ্র-বিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি পাতের সম্ভাবনা রয়েছে। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৫.৮ ডিগ্রি সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩৪ ডিগ্রির কাছাকাছি।

******************

********************